



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং - ৩৬৯/ক/অনুঃ/২০১৩/২৭০

তারিখ : ৩০/০৫/২৪

**বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর মঞ্জুরী কমিটির ৫ম সভার সিদ্ধান্ত নং-৩২ তারিখ: ১৪/০৩/২০২৪ ও ০৪/০৪/২০২৪ তারিখের ২৩০তম বোর্ড সভার অনুমোদনক্রমে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, ঢাকা মহানগরীর মিরপুর থানাধীন “মাইলস্টোন কলেজ দক্ষিণখান”-কে প্রতিষ্ঠানের নামে অবশিষ্ট ৩৩.২৪ শতাংশ জমি বরাদ্দ দেয়ার শর্তে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০১/০৭/২০২৩ তারিখ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছর মেয়াদে উচ্চমাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো।

### শাখাসমূহ :

- ১। মানবিক
- ২। ব্যবসায় শিক্ষা
- ৩। বিজ্ঞান

### বিষয়সমূহ :

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজী
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। ইতিহাস
- ৩। অর্থনীতি
- ৪। সমাজকর্ম

ব্যবসায় শিক্ষা :

- ১। হিসাববিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। উৎপাদন, ব্যবস্থাপনা ও বিপণন
- ৪। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

বিজ্ঞান :

- ১। পদার্থবিজ্ঞান
- ২। রসায়ন
- ৩। জীববিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ :

- ১। আগামী ০৩ (তিন) মাসের মধ্যে প্রতিষ্ঠানের নামে অবশিষ্ট ৩৩.২৪ শতাংশ জমির রেজিস্ট্রিকৃত দলিল/বরাদ্দপত্র বোর্ডে দাখিল করতে হবে;
- ২। নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৩। স্ট্যাফিং প্যারটার্ন অনুযায়ী কলেজে সরকারি বিধি মোতাবেক NTRCA কর্তৃক সুপারিশ ও নিবন্ধিত শিক্ষক নিয়োগ করতে হবে;
- ৪। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত কলেজের কোন শাখা/ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
- ৬। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সবসময় জমা রাখতে হবে;

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

*Handwritten signature*

- ৭। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না
- ৮। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৯। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১০। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ১১। উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী সংখ্যা ও ফলাফল কাম্য পর্যায়ে উন্নীত করতে হবে।
- ১২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে;
- ১৩। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;
- ১৪। বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে;
- ১৫। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়টি অনলাইনে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
  - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
  - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
  - (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর জুঁঞা  
কলেজ পরিদর্শক (অতি: দা:)

ও

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০১৫৫০৪১১২০৪

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

মাইলস্টোন কলেজ দক্ষিণখান (EIIN - 136844)

ডাকঘর: দক্ষিণখান, থানা: দক্ষিণখান, জেলা: ঢাকা মহানগরী।

মেমো নং- ০৭০(৭)

তারিখ: ৩০/০৫/২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। অফিস কপি।

কলেজ পরিদর্শক (অতি: দা:)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

*Handwritten signature*